ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৩১৩

কাঞ্চনপুর, ২০ জুন, ২০২৫

**লালজুরি ব্লকে জনসচেতনতামূলক প্রশাসনিক শিবির অনুষ্ঠিত**

গতকাল কাঞ্চনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে ধরতি আবা জনভাগিদারী অভিযানের অঙ্গ হিসাবে লালজুরি ব্লকের অন্তর্গত জয়মনিপাড়া এসবি স্কুলে জন সচেতনতামূলক এক প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ডিসিএম শক্তি দেববর্মা, লালজুরি ব্লকের ভারপ্রাপ্ত বিডিও বিদ্যাসাগর ত্রিপুরা, কৃষি, মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ, বন, পানীয়জল, বিদ্যুত, গ্রামোন্নয়ন ও অন্যান্য দপ্তরের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। শিবির চলাকালীন সময়ে ডিসিএম শক্তি দেববর্মা ভিলেজ এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজের খোঁজখবর নেন। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ২টি পিআরটিসি, ১টি এসটি, ১৭টি আয়ের সার্টিফিকেট ও ২টি পাট্টা পাওয়ার আবেদনপত্র গ্রহণ করা হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ২৮ জন রোগীকে প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ১৮টি গবাদি পশুর চিকিৎসা করে প্রয়োজনীয় ওষুধ দেওয়া হয়।

******